# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | দেশজুড়ে | 26 June, 2025

ময়মনসিংহের গফরগাঁওয়ে ‘জুলাই যোদ্ধা’ হিসেবে স্বাস্থ্য কার্ড পেয়েছেন মো: তাঁরা মিয়া (৪৫) নামের একজন যুবলীগ কর্মী।এ ঘটনায় স্থানীয়দের মধ্যে সমালোচনার সৃষ্টি হওয়ায় বিব্রত উপজেলা প্রশাসন।

গতকাল ২৪ জুন বিকেলে গফরগাঁও উপজেলা পরিষদ সভাকক্ষে জুলাই যোদ্ধাদের মধ্যে স্বাস্থ্য কার্ড বিতরণকালে এই ঘটনা ঘটে।

বৃহস্পতিবার (২৬ জুন) দুপুরে খবরের সত্যতা নিশ্চিত করে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এন.এম. আবদুল্লাহ আল মামুন।তিনি বলেন, বিষয়টি আমার জানা ছিল না।তালিকা অনুযায়ি আমরা কার্ড বিতরণ করেছি।মন্ত্রনালয় গেজেট প্রকাশ করে এই তালিকা তৈরী করেছিল।আমরা সে অনুযায়ি কার্ড দিয়েছি।তবে আবেদনকারির বাড়ী গফরগাঁও হলেও তিনি আবেদন করেছিলেন ঢাকায়।আমরা ঘটনাটি জানার পর সংশ্লিষ্ট মন্ত্রনালয়কে বিষয়টি জানিয়েছি।যদি ওই ব্যক্তি জুলাই আন্দোলনে অংশ নেওয়ার সঠিক প্রমাণাদি দিতে না পারেন, তাহলে দাফতরিকভাবে পদক্ষেপ গ্রহন করে তার গেজেট বাতিল করা হবে।

এ ঘটনায় প্রশ্ন তুলেছেন উপজেলার মশাখালি ইউনিয়ন বিএনপির সাবেক সাধারন সম্পাদক মো: মনিরুল হাসান চমক ফকির।তিনি বলেন, ‘জুলাই যোদ্ধা’ হিসেবে স্বাস্থ্য কার্ড পাওয়া তাঁরা মিয়া যুবলীগের একজন সক্রিয় কর্মী।তিনি সাবেক সংসদ সদস্য ফাহমি গোলন্দাজ বাবেলের ছবি সাটিয়ে মেম্বার পদপ্রার্থী হিসাবে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা চালিয়েছেন।তার ফেইসবুক পোস্টে আওয়ামী লীগের কর্মকান্ডে অংশগ্রহনের অসংখ্য ছবি রয়েছে। মূলত গত ৫ আগস্ট ফ্যাসিস্ট শেখ হাসিনার পতনের পর রাকিয়াপুড়া এলাকায় তার ভাইয়ের অসাবধানতাবশত চোখে লাঠির আঘাতে আহত হয়। কিন্তু এখন তাকে আহত জুলাই যোদ্ধা বলা হচ্ছে।

অনুষ্ঠানে উপস্থিত থাকা গফরগাঁও থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ শিবিরুল ইসলাম বলেন, আমাকে বলা হয়েছিল-মুক্তিযোদ্ধাদের মাঝে স্বাস্থ্য কার্ড বিতরণ অনুষ্ঠান রয়েছে।কিন্তু গিয়ে দেখি জুলাই যোদ্ধাদের অনুষ্ঠান।আমি জানতাম না যে যুবলীগের নেতা তাঁরা মিয়া জুলাই যোদ্ধা হিসেবে কার্ড নিচ্ছেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সহযোগিতায় এবং উপজেলা প্রশাসনের আয়োজনে জুলাই যোদ্ধাদের মাঝে এই স্বাস্থ্য কার্ড বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মোহাম্মদ জামাল উদ্দিন।

প্রসঙ্গত, ওই অনুষ্ঠানে যুবলীগ নেতা তাঁরা মিয়াসহ আরও ৫ জনের হাতে স্বাস্থ্য কার্ড বিতরণ করা হয়েছে।তারা হলেন- নূরে আলম সালেক, মো. রিমন মিয়া, ওয়াজেদ আলী শেখ, অপূর্ব হিমেল রানা ও মোসাম্মত রুমী।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 22:12

URL: https://www.timestodaybd.com/across-the-country/3768552464